

**REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA
Date: 15-10-2025
Time: 07:55-08:05 PM Hrs
BENGALI EVENING BULLETIN**

Headlines :

- (১) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আজ নয়াদিল্লিতে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর সঙ্গে সাক্ষাৎ করে রাজ্যের স্বার্থ সংশ্লিষ্ট বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা করেন।
- (২) রাজ্যে স্বাস্থ্য পরিষেবা আরও শক্তিশালী করার লক্ষ্যে আজ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তর এবং নয়াদিল্লির অল ইন্সিটিউট অফ মেডিক্যাল সায়েন্স (AIIMS)-এর মধ্যে একটি চুক্তি স্বাক্ষর হয়েছে।
- (৩) বিহার বিধানসভা নির্বাচনের আগে আজ বিজেপির বর্ষীয়ান নেতা এবং প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী নমো অ্যাপের মাধ্যমে দলের বুথ-স্টুরের কর্মীদের সঙ্গে মতবিনিময় করেছেন।
- (৪) ত্রিপুরা ও সার্ভিসেসের মধ্যে রঞ্জি ট্রফির চারদিনের খেলা আজ থেকে শুরু হয়েছে।

PM-CM :

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আজ নয়াদিল্লিতে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর সঙ্গে সাক্ষাৎ করে রাজ্যের স্বার্থ সংশ্লিষ্ট বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা করেন। রাজ্যের উন্নয়ন কর্মকাণ্ড সম্পর্কে তিনি প্রধানমন্ত্রীকে বিস্তারিত অবহিত করেন। সামাজিক মাধ্যমে মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা জানিয়েছেন, প্রধানমন্ত্রীর দুরদৰ্শী নেতৃত্বে বিকশিত ভারত গঠনের সঙ্গে বিকশিত ত্রিপুরা গঠনের লক্ষ্যেও রাজ্যে নানা উন্নয়নমূলক কাজ চলছে। এই সমস্ত উন্নয়নের কাজে তিনি প্রধানমন্ত্রীর সহযোগিতা চেয়েছেন।

ত্রিপুরায় অবিলম্বে রেললাইন ডাবল করা, আগরতলা ও গুয়াহাটির মধ্যে বন্দে ভারত ট্রেন চালুর উদ্যোগ নিতে মুখ্যমন্ত্রী আজ প্রধানমন্ত্রীর কাছে

অনুরোধ জানিয়েছেন। এক্সটার্নাল এইডেড প্রকল্পে বরাদের সর্বোচ্চ সীমা বৃক্ষি করা, রাজ্যে আগরবোর্ড গঠন ও আগর গবেষনা কেন্দ্র স্থাপন, উনকোটি প্রস্তাবিক স্থানকে একটি সুস্থায়ী উন্নয়ন হেরিটেজ সাইট অর্থাৎ Sustainable Development Heritage Site,” হিসাবে ঘোষণা করা ও একলব্য মডেল রেসিডেন্সিয়াল স্কুলের সংখ্যা বৃক্ষি করে ১৫টি করার জন্য মুখ্যমন্ত্রী অনুরোধ জানিয়েছেন।

তাছাড়া তিনি রাজ্যে বসবাসরত ক্ল-রিয়াং শরনার্থীদের জাতীয় খাদ্য নিরাপত্তা আইন NFSA প্রকল্পের আওতায় অন্তর্ভুক্ত করে তাদের জন্য পিডিএস ব্যবস্থায় গমের বরাদ বৃক্ষি করার প্রস্তাবও রেখেছেন প্রধানমন্ত্রীর কাছে।

CM-AIIMS :

রাজ্যে স্বাস্থ্য পরিষেবা আরও শক্তিশালী করার লক্ষ্যে আজ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তর এবং ন্যাদিলির অল ইন্ডিয়া ইনসিটিউট অফ মেডিক্যাল সায়েন্সের মধ্যে একটি চুক্তি স্বাক্ষরিত হয়েছে। নতুন দিল্লীর ত্রিপুরা ভবনে চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে উপস্থিত ছিলেন মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা। তিনি বলেন, রাজ্যের মেডিকেল কলেজ সহ রাজ্য ও জেলাস্তরের হাসপাতালগুলিকে নতুন দিল্লির এইমসের ধাঁচে আন্তর্জাতিক মানের চিকিৎসা শিক্ষা এবং সুপার স্পেশালিটি পরিষেবার উৎকর্ষ কেন্দ্রে পরিণত করার লক্ষ্যে এই চুক্তি স্বাক্ষর গর্বের বিষয়। তিনি আরও বলেন, রাজ্য সরকার আগরতলা গভর্নমেন্ট মেডিকেল কলেজ ও জিবি পল্ল হাসপাতালকে আধুনিক চিকিৎসা সুবিধাসম্পন্ন একটি মেডিকেল হাবে রূপান্তর করার পরিকল্পনা নিয়েছে। তিনি আরো বলেন, এইমস একটি বিশ্বখ্যাত প্রতিষ্ঠান, যা মেডিকেল এডুকেশন, গবেষণা ও উন্নত রোগী পরিষেবার ক্ষেত্রে অগ্রণী ভূমিকার জন্য সুপরিচিত। আজকের এই চুক্তি স্বাক্ষর রাজ্যজুড়ে স্বাস্থ্য পরিষেবার ওণমান উন্নয়নের ক্ষেত্রে একটি ওরুস্বপূর্ণ পদক্ষেপ হিসেবে চিহ্নিত হবে। এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন এইমস দিল্লীর ডিরেক্টর ড. এম. শ্রীনিবাস ও স্বাস্থ্য দপ্তরের উচ্চপদস্থ আধিকারিকগণ।

ITI :

শিল্প ও বাণিজ্য মন্ত্রী সান্তুনা চাকমা বলেছেন, রাজ্যকে আঞ্চনিকভাবে করে তোলার লক্ষ্যে বিভিন্ন বিষয় প্রশিক্ষণের মধ্য দিয়ে ছেলেমেয়েদের দক্ষতা বৃদ্ধি করা হচ্ছে। আজ ইন্দ্রনগরে মহিলা আই টি আই-এ কারু শিল্পীদের প্রশিক্ষণ প্রকল্পে রাজ্যস্তরে শীর্ষস্থানাধিকারীদের সংবর্ধনা জ্ঞাপন অনুষ্ঠানে তিনি একথা বলেন। উপস্থিতি ছিলেন শিল্প সচিব কিরণ গিত্তে, শিল্প দপ্তরের অতিরিক্ত অধিকর্তা সুভাষ দাস ও মহিলা আই টি আই এর অধ্যক্ষ জরীন্দ্র ত্রিপুরা।

Tourism Minister-Conference :

পর্যটন মন্ত্রী সুশান্ত চৌধুরী আজ রাজস্থানের উদয়পুরে রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলের পর্যটন মন্ত্রীদের সম্মেলনে ত্রিপুরার পর্যটনের বিকাশের প্রকল্পগুলি নিয়ে আলোচনা করেন। সম্মেলনে উপস্থিতি ছিলেন কেন্দ্রীয় পর্যটন মন্ত্রী গজেন্দ্র সিং শেখাওয়াত।

CM meets Rail Minister :

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আজ নতুন দিল্লিতে কেন্দ্রীয় রেল মন্ত্রী অশ্বিনী বৈঞ্জনিক সঙ্গে রাজ্যের রেল পরিষেবা নিয়ে বিস্তারিত আলোচনা করেন। মুখ্যমন্ত্রী জানান, কেন্দ্রীয় রেলমন্ত্রীর সঙ্গে তিনি আগরতলা-গুয়াহাটির মধ্যে বল্দে ভারত ট্রেন চালু করা ও রেল লাইন ডাবল করা, বৈদ্যুতিক ট্রেন চালানো, দীর্ঘ যাত্রা পথের রেলের কোচগুলি উন্নতিকরণ এবং স্টেশনগুলির রাস্ফনাবেক্ষন, উন্নত সাইবার নিরাপত্তা কেন্দ্র গড়ে তোলার বিষয়ে বিস্তারিত আলোচনা করেছেন।

CEO-Workshop :

রাজ্যে ভোটার তালিকা আসন্ন সংশোধন প্রক্রিয়া সুচারুভাবে সম্পন্ন করার জন্য রাজ্য নির্বাচন দণ্ডের উদ্যোগে আজ সমস্ত স্বীকৃত জাতীয় ও রাজ্য রাজনৈতিক দলের প্রতিনিধিদের নিয়ে প্রজ্ঞাভবনে একদিনের প্রশিক্ষণ কর্মশালার আয়োজন করা হয়। উদ্বোধন করেন রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক ব্রিজেশ পাণ্ডে। তিনি বলেন, এই কর্মশালার মূল উদ্দেশ্য হলো ক্রটিমুক্ত ভোটার তালিকা প্রস্তুত করার ক্ষেত্রে রাজনৈতিক দলগুলির ভূমিকা সম্পর্কে অবগত করা। তিনি ক্রটিমুক্ত ভোটার তালিকা প্রস্তুতির ক্ষেত্রে সমস্ত রাজনৈতিক দলের সহযোগিতার আহ্বান জানান।

Governor :

আগরতলাস্থিত বাংলাদেশের অ্যাসিস্টেন্ট হাইকমিশনার হাসান আল বাচার আব্দুল ওয়াই আজ সকালে রাজভবনে রাজ্যপাল ইন্দ্রসেনা রেডি নাম্বুর সঙ্গে সৌজন্যমূলক সাক্ষাতে মিলিত হন। রাজভবন থেকে এই সংবাদ জানানো হয়েছে।

Health Meeting :

উনকোটি জেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ সোসাইটি'র এক বৈঠক আজ কৈলাশহর সার্কিট হাউসে অনুষ্ঠিত হয়। পৌরহিত্য করেন উনকোটি জেলার জেলাশাসক ডক্টর তমাল মজুমদার। উপস্থিত ছিলেন, উনকোটি জিলা পরিষদের সভাধিপতি অমলেন্দু দাশ, জেলার মুখ্য চিকিৎসা আধিকারিক ডাঃ শীর্ষেন্দু চাকমা। বৈঠকে "এনিমিয়া মুক্ত ভারত" কর্মসূচিকে এগিয়ে নিয়ে যেতে বিস্তারিত আলোচনা হয়।

Update Akashvani :

এথবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

Sound Byte

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন - ডিলিউ. ডিলিউ. ডিলিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং টুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন টুইটার বা এক্স হ্যান্ডলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

* * * * *

PM, Bihar :

বিহার বিধানসভা নির্বাচনের আগে আজ বিজেপির বর্ষীয়ান নেতা এবং প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী নমো অ্যাপের মাধ্যমে দলের বুথ-স্টুরেন কর্মীদের সঙ্গে মত বিনিময় করেছেন। মেরা বুথ সবসে মজবুত সংলাপ কর্মসূচিতে, শ্রী মোদী দলীয় কর্মীদের এনডিএ-র সমর্থনে একসঙ্গে কাজ করার আহ্বান জানিয়েছেন। প্রধানমন্ত্রী বলেন যে, এই নির্বাচনে জনতা দল (ইউনাইটেড), লোক জনশক্তি পার্টি (রাম বিলাস), রাষ্ট্রীয় লোক মোচা এবং হিন্দুস্তানি আওয়াম মোচা বিজেপির মিত্র। তিনি দলীয় কর্মীদের কাছে এই দলগুলির প্রার্থীদের বিজয় নিশ্চিত করার জন্য কাজ করার আহ্বান জানান। কেন্দ্র ও রাজ্যের এনডিএ সরকারের জনবান্ধব নীতি ও কল্যাণমূলক কর্মসূচি সম্পর্কে জনগণের মধ্যে সচেতনতা ছড়িয়ে দেওয়ার জন্যও প্রধানমন্ত্রী আহ্বান জানান। বিহার বিধানসভা নির্বাচনের প্রেক্ষাপটে শ্রী মোদী কর্মীদের সঙ্গে গুরুত্বপূর্ণ নির্বাচনী বিষয়গুলি নিয়ে আলোচনা করেন।

* * * * *

APJ Abdul Kalam :

রাষ্ট্রপতি দ্রোপদী মুর্মু আজ রাষ্ট্রপতি ভবনে প্রখ্যাত বিজ্ঞানী, ভারতর প্রাক্তন রাষ্ট্রপতি প্রয়াত ডঃ এ পি জে আব্দুল কালামের জন্মবার্ষিকীতে তাঁর প্রতিকৃতিতে পুস্পস্তবক অর্পণ করে শ্রদ্ধা জানান।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীও প্রাক্তন রাষ্ট্রপতি ডঃ এ.পি.জে আব্দুল কালামের জন্মবার্ষিকীতে শুন্দা জানান। সামাজিক মাধ্যমে এক বার্তায় প্রধানমন্ত্রী মোদী বলেছেন, ডঃ কালাম ছিলেন একজন দুরদৰ্শী যিনি তরুণদের মনকে জাগিয়ে তুলেছিলেন এবং জাতিকে বড় স্বপ্ন দেখতে অনুপ্রাণিত করেছিলেন। তিনি আরও বলেন যে তাঁর জীবন মানুষকে মনে করিয়ে দেয় যে সাফল্যের জন্য নম্রতা এবং কর্তৃর পরিশ্রম অত্যন্ত গুরুত্বপূর্ণ।

Forest Minister :

বিজ্ঞান, প্রযুক্তি ও পরিবেশ মন্ত্রী অনিশেষ দেববর্মা বলেছেন, প্রথ্যাত বিজ্ঞানী, ভারতর প্রাক্তন রাষ্ট্রপতি ডঃ এ পি জে আব্দুল কালামের জন্মদিনটিকে 'ছত্র দিবস' হিসেবে উদযাপনের জন্য রাজ্য মন্ত্রিসভার পরবর্তী বৈঠকে প্রস্তাব পেশ করা হবে। আজ আগরতলায় সুকান্ত একাডেমিতে আগরতলা পাবলিক স্কুল আয়োজিত ছত্র দিবসের অনুষ্ঠানে তিনি একথা বলেন। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন আগরতলা পুর নিগমের মেয়র দীপক মজুমদার, অধ্যাপক পূর্ণেন্দু কান্তি দাস ও এই স্কুলের প্রতিষ্ঠাতা অরুণ নাথ।

Grant for ESM :

প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিং আজ প্রাক্তন সেনাকর্মী এবং তাদের উপর নির্ভরশীলদের জন্য আর্থিক সহায়তা ১০০ শতাংশ বৃদ্ধির প্রস্তাব অনুমোদন করেছেন। পেনারি গ্যান্ট অর্থাৎ দারিদ্র্যজনিত আর্থিক অনুদান প্রতি মাসে ৪,০০০ টাকা থেকে দ্বিগুণ করে ৮,০০০ টাকা করা হয়েছে। যা বয়স্ক এবং নন-পেনশনার প্রাক্তন সেনা কর্মী এবং ৬৫ বছরের বেশি বয়সী বিধবা যাদের কোন নিয়মিত আয় নেই তাদের জন্য।

প্রাক্তন সেনা কর্মীর প্রথম শ্রেণী থেকে স্নাতক স্তর পর্যন্ত পাঠ্রত দুই নির্ভরশীল শিশু এবং দুই বছরের স্নাতকোত্তর কোর্সে অধ্যয়নরত বিধবাদের জন্য শিক্ষা অনুদান প্রতিমাসে মাথাপিছু ১০০০ টাকা থেকে বাড়িয়ে ২০০০

টাকা করা হয়েছে। বিবাহ অনুদান পঞ্চাশ হাজার টাকা থেকে বাড়িয়ে এক লক্ষ টাকা করা হয়েছে। এই অনুদান প্রাক্তন সেনা কর্মীর দুই কন্যার বিবাহ এবং বিধবা পুনর্বিবাহের ক্ষেত্রে প্রযোজ্য।

Death, Pankaj Dheer :

বি আর চোপড়ার বিখ্যাত টিভি ধারাবাহিক মহাভারতে কর্ণের চরিত্রে অভিনয় করে সর্বাধিক পরিচিত অভিনেতা পক্ষজ ধীর আজ ৬৮ বছর বয়সে ক্যান্সারের সঙ্গে লড়াই করে মুস্তাইয়ে শেষ নিঃশ্বাস ত্যাগ করেন। আজ সন্ধ্যায় মুস্তাইয়ে তাঁর শেষকৃত্য সম্পন্ন হয়। পক্ষজ ধীর তার দীর্ঘ অভিনয় জীবনে অনেক চলচ্চিত্র এবং টিভি অনুষ্ঠানে অভিনয় করেছিলেন, কিন্তু মহাভারতে তাঁর ভূমিকা তাঁকে সারা দেশে জনপ্রিয় করে তুলেছিল। তিনি 'বাদশাহ' এবং 'তুমকো না ভুল পায়েঙ্গে' চলচ্চিত্র এবং 'সমুরাল সিমার কা' এবং 'রাজা কি আয়েগি বারাতে'র মতো টিভি শোতেও অভিনয় করেছেন।

Ranji Trophy :

ত্রিপুরা ও সার্ভিসেসের মধ্যে রঞ্জি ট্রফির চারদিনের খেলা আজ থেকে শুরু হয়েছে। দিল্লিতে পালামের এয়ার্সফোর্স কমপ্লেক্স মাঠে টসে জিতে সার্ভিসেস প্রথমে ব্যাট করার সিদ্ধান্ত নেয় এবং প্রথম ইনিংসে প্রথম দিনের শেষে ৬ উইকেট হারিয়ে ২৪৬ রান করে। দলের পক্ষে শিবম কুমার ৭২ রান করেন। রাজ্যদলের স্বপ্নীল সিং ৭৩ রানে ৩টি উইকেট পান।

Vinu Mankar Cricket :

ভিনু মানকর ট্রফি অনূর্ধ্ব ১৯ বছরের ক্রিকেটের গ্র্যান্ড প্রেসের চতুর্থ খেলায়ও আজ ত্রিপুরা বড় ব্যাধানে প্রারম্ভিক হয়েছে। দেরাদুনের মহারাণা প্রতাপ কলেজ মাঠে অনুষ্ঠিত খেলায় ছত্তিশগড় ২৬৫ রানের বিশাল ব্যবধানে

রাজ্যদলকে হারিয়ে দেয়। ফলে আসরে এপর্যন্ত গৃহপের চার ম্যাচের সবকটিতে রাজ্যদল পরাজিত হয়।

Women's Cricket :

গোয়ালিয়রে মেয়েদের জাতীয় সিনিয়র টি-২০ ক্রিকেটের পঞ্চম ম্যাচেও ত্রিপুরা পরাজিত হয়েছে। মাধবরাও সিঞ্চিয়া স্টেডিয়ামে এলিট পুলে গৃহপের খেলায় ছত্রিশগড় ৭ উইকেটে রাজ্যদলকে হারিয়ে দেয়। এপর্যন্ত গৃহপের মোট পাঁচ ম্যাচে রাজ্যদল একটিতে জয় পায়। বাকী চারটিতে হেরে যায়।

Weather :

আগামীকাল আকাশ সাধারণত মেঘাচ্ছন্ন থাকবে। সকালে হালকা কুয়াশা পড়ার সম্ভাবনা রয়েছে। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৪ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৪ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৪.৪ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৪.৯ ডিগ্রি সেলসিয়াস।
